

# খুবির প্রশাসনিক ও আর্থিক দায়িত্বে ড. রেজাউল

খুলনা প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) নিয়মিত ভাইস চ্যান্সেলর নিয়োগ না হওয়া পর্যন্ত সাময়িকভাবে জরুরি প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন করবেন বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ অধ্যাপক, নগর ও গ্রামীণ পরিকল্পনা (ইউআরপি) ডিসিপ্লিনের প্রফেসর মো. রেজাউল করিম। খুলনা বিশ্ববিদ্যালয়ের সব স্কুলের ডিন ও ডিসিপ্লিন প্রধানদের সভায় সর্বসম্মতভাবে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রসঙ্গত, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ২৯ আগস্টের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে ইউআরপি ডিসিপ্লিনের প্রফেসর মো. রেজাউল করিমকে এ দায়িত্ব দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের শাখা প্রধান (প্রশাসন) উপ-রেজিস্ট্রার দীপক চন্দ্র মণ্ডল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।